

আপনার শহরকে পরিচ্ছন্ন ও
সবুজ রাখুন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

বিজ্ঞপ্তি

হোল্ডিং ট্যাক্স নিয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে জনাব মোহাং জহিরুল হক গং কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং- ৩৭৫৫/২০১৭ মাননীয় আদালত কর্তৃক গত ১৬-০৮-২০১৭খ্রিঃ প্রচারিত রায়ে খারিজ (Discharge) এবং সরকার কর্তৃক প্রণীত আদর্শ কর তফসিল অনুসারে গৃহকর ৭%, পরিচ্ছন্ন রেইট ৭% ও আলোকায়ন রেইট ৩% সহ সর্বমোট ১৭% হারে কর ও রেইট আদায় কার্যক্রম যথাযথ ঘোষণা।


১৭-০৮-২০১৭খ্রিঃ তারিখের দৈনিক আজাদী পত্রিকায় ১ম পৃষ্ঠায় প্রকাশিত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিরুদ্ধে করা রিটের নিষ্পত্তি “হোল্ডিং ট্যাক্স: ১৭ শতাংশ নয়, ৭ শতাংশই যথাযথ” শিরোনামে প্রকাশিত সংবাদটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দৃষ্টি গোচর হয়। উক্ত সংবাদ সঠিক নয়। ইহা বিভ্রান্তিমূলক।

সম্মানিত নগরবাসী ও করদাতাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর বিধি অনুসারে পঞ্চবার্ষিকী কর মূল্যায়নকালীন সময়ে রিট মামলা দায়েরকারী জনাব মুহাম্মদ জহিরুল হক গং বরাবরে কর বিধি ১৯৮৬ অনুবলে ২২ বিধি মতে ২৫-১০-২০১৭খ্রিঃ ও ৩০-১২-২০১৬খ্রিঃ তারিখে ঘর ও ভূমির মূল্যায়ন তালিকা দাখিলের জন্য নোটিশ প্রদান করা হয় এবং উক্ত নোটিশের সাথে কর বিধিতে উল্লেখিত নিজ উদ্যোগে কর নির্ধারণী ফরম ‘বি’ সরবরাহ করা হয়।

উক্ত নোটিশকে চ্যালেঞ্জ করে উক্ত আবেদনকারীগণ মহামান্য হাইকোর্ট ডিভিশনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিরুদ্ধে রিট পিটিশন নং- ৩৭৫৫/২০১৭ দায়ের করেন। উক্ত মামলায় মাননীয় আদালত নিজ উদ্যোগে কর নির্ধারণী ফরম সংযুক্ত করে ২৫-১০-২০১৬খ্রিঃ ও ৩০-১২-২০১৬খ্রিঃ ইস্যুকৃত নোটিশে কার্যকারিতা ৬ মাসের জন্য স্থগিত ঘোষণা করে এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে রিট আবেদনকারীগণ হতে আদর্শ কর তফসিল ২০১৬ এর Caluse-3 অনুসারে হোল্ডিং ট্যাক্স আদায়ের নির্দেশনাসহ এ বিষয়ে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করে। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল ২০১৬ এর বর্ণিত Calues-৩, ৫, ৬ ও ৮নং অনুসারে গৃহকর ৭%, পরিচ্ছন্ন রেইট ৭%, আলোকায়ন রেইট ৫% ও স্বাস্থ্য কর ৮% সর্বমোট ২৭% হারে থাকা সত্ত্বেও চট্টগ্রাম সিটি কর্পোরেশন গৃহকর ৭%, পরিচ্ছন্ন রেইট ৭% ও আলোকায়ন রেইট ৩% হারে সর্বমোট ১৭% হারে কর ও রেইট আদায় করে থাকে।

বর্ণিত মামলায় মাননীয় আদালতের নির্দেশনানুসারে সিটি কর্পোরেশন ট্যাক্সেশন রুলস ১৯৮৬ ও আদর্শ কর তফসিল ২০১৬ মতে গৃহকর, পরিচ্ছন্ন রেইট ও আলোকায়ন রেইট আদায় করার বিষয়টি বিস্তারিত ভাবে আদালতে পেশ করা হয়। বর্ণিত রিট মামলাটি মাননীয় বিচারপতি জনাব মঈনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি জনাব জে.বি.এম হাসানের সমন্বয়ে গঠিত মহামান্য হাইকোর্ট বেঞ্চে ০৭-০৮-২০১৭, ০৮-০৮-২০১৭ এবং ১০-০৮-২০১৭খ্রিঃ তারিখে শুনানী অনুষ্ঠিত হয়। শুনানী শেষে মাননীয় আদালত উক্ত রিট মামলাটি খারিজ (Discharge) সহ ২১-০৩-২০১৭খ্রিঃ তারিখে জারীকৃত অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞার আদেশ Vacate করে রায় প্রদান করেন। অর্থাৎ রিট আবেদনকারীগণের রিট মামলাটি খারিজ হয়ে যায়।

সম্মানিত নগরবাসীর সদয় অবগতির জন্য পুনরায় জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশন সরকার কর্তৃক প্রণীত সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল ২০১৬ এর বিধান মতে হোল্ডিং কর ৭%, পরিচ্ছন্ন রেইট ৭% ও আলোকায়ন রেইট ৩% আদায় কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত হারে কর ও রেইট পরিশোধ করে চট্টগ্রাম শহরকে উন্নত ও নান্দনিক শহর হিসেবে গড়ে তুলতে সহযোগিতা করার জন্য সম্মানিত নগরবাসীকে অনুরোধ করা হলো।


কর্তৃপক্ষ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন